গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)
জনপ্রশাসন মন্ত্রণালয়
৩/এ, নীলক্ষেত, ঢাকা-১২০৫
www.napd.gov.bd

# সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরনী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | সুকেশ কুমার সরকার, মহাপরিচালক (সরকারের সচিব), এনএপিডি |
| তারিখ ও বার | : | ২০ সেপ্টেম্বর ২০২৩ (বুধবার) |
| স্থান | : | এনএপিডি মিলনায়তন |
| সময় | : | দুপুর ১২.০০ ঘটিকা |

সভার উপস্থিতিঃ সভায় উপস্থিত অংশীজনদের হাজিরা সংযুক্ত।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে একাডেমির উপপরিচালক (প্রশাসন) মোঃ মঈনুল হাসান চৌধুরী সভার কর্মপত্র উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিতকরেন যে, এনএপিডির অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, তথ্য অধিকার আইন এবং সিটিজেনস চার্টার সম্পর্কে অংশীজনদের অবহিতকরণ ও লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে করণীয় নির্ধারণের উদ্দেশ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে এ সভা আহবান করা হয়েছে। সভার আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

**১। আলোচ্যসূচি:**

১.১। জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)'র অভিযোগ প্রতিকার সংক্রান্ত প্রতিবেদন সভায় উপস্থাপন করা হয়। ২০২২-২৩ অর্থবছরে (জুলাই ২০২২-জুন ২০২৩) একাডেমিতে ওয়েবসাইটের মাধ্যমে মোট ০৫ (পাঁচ) টি অভিযোগ পাওয়া গিয়েছিলো যার মধ্যে ০৪ (চার) টি অভিযোগ ছিল মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক টেস্ট মেসেজ। যা উক্ত বিভাগ থেকে প্রাপ্ত মৌখিক পরামর্শের প্রেক্ষিতে নথিজাত করা হয়। ফলে উক্ত অর্থবছরে অভিযোগ নিস্পত্তির হার ছিল ১০০% বা শত ভাগ। অপর ০১ (এক) টি অভিযোগ অভিযোগকারীর এনআইডি কার্ড বিষয়ক যা এনএপিডির সাথে সম্পর্কিত না হওয়ায় অভিযোগটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অগ্রায়ন করা হয়েছে। ২০২৩-২৪ অর্থবছরে (জুলাই ও আগস্ট ২০২৩) এখন পর্যন্ত কোনো অভিযোগ পাওয়া যায় নি।

১.২। জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)'র তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিস্পত্তি সংক্রান্ত প্রতিবেদন সভায় উপস্থাপন করা হয়। সভাকে অবহিত করা হয় যে ২০২৩-২৪ অর্থবছরে (জুলাই এবং আগস্ট) তথ্য চেয়ে কোনো আবেদন পাওয়া যায় নি।

১.৩। জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি) প্রয়োজন অনুযায়ী নিয়মিতভাবে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে থাকে। অংশীজনদেরকে অবহিতকরণের সুবিধার্থে হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি একাডেমির ওয়েবসাইটে 'সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার)' শীর্ষক সেবা বক্সসহ একাডেমির লবিতে স্থাপিত মেশিনে নিয়মিতভাবে প্রদর্শন করা হচ্ছে মর্মে সভাকে অবহিত করা হয়। এছাড়াও ২০২৩-২৪ অর্থবছরের ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর) সময়ের সেবা প্রদান প্রতিশ্রুতি সদয় অবগতির জন্য সভায় উপস্থাপন করা হয়।

**২। আলোচনা:**

২.১। সভায় নৌপরিবহন মন্ত্রণালয় থেকে আগত অংশীজন এনএপিডির প্রশিক্ষণ থেকে অর্জিত জ্ঞান কর্মক্ষেত্রে বাস্তবিক প্রয়োগ করতে পেরেছেন মর্মে সভাকে অবহিত করেন এবং একাডেমির প্রশিক্ষণের প্রশংসা করেন। বিশেষ করে পাবলিক প্রকিউরমেন্ট কোর্সটি মানসম্পন্ন উল্লেখ করে তিনি বলেন ই-জিপি সংক্রান্ত প্রশিক্ষণ হাতে কলমে করতে পারলে সকলে উপকৃত হবেন। এছাড়াও তিনি বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মরত আইটি অফিসারদের ICT বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করেন।

২.২। নির্বাচন কমিশন সচিবালয় এবং সমাজসেবা অধিদপ্তর থেকে আগত অংশীজন কর্মকর্তাগণ এনএপিডির বিভিন্ন প্রশিক্ষণ কোর্স বিশেষত বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের নির্ধারিত ফি কমানোর বিষয়ে আলোকপাত করেন। প্রশিক্ষণ ফি কমানো হলে আরও বেশি সংখ্যক প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণের জন্য এনএপিডিতে পাঠানো যেতে পারে বলে তিনি মতামত প্রদান করেন।

২.৩। শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ বা কর্মশালা আয়োজন করার মাধ্যমে আরও বেশি সংখ্যক কর্মকর্তাদের উক্ত বিষয়ে জ্ঞানার্জনের সুযোগ করে দেয়া যেতে পারে মর্মে অর্থ বিভাগ থেকে আমন্ত্রিত অংশীজন কর্মকতা সভায় আলোচনা করেন। উক্ত প্রশিক্ষণে বা কর্মশালায় শুদ্ধাচার বিষয়ক কেস স্টাডি অন্তর্ভুক্ত থাকতে পারে মর্মে তিনি অভিমত ব্যক্ত করেন। পরবর্তীতে উক্ত কেস স্টাডির ফলাফল বিভিন্ন প্রতিষ্ঠানে প্রেরণের মাধ্যমে Knowledge Disseminate করা যেতে পারে মর্মে মতামত প্রদান করেন।

২.৪। বাংলাদেশ চা বোর্ড থেকে আগত কর্মকর্তা একাডেমি কর্তৃক আয়োজিত পাবলিক প্রকিউরমেন্ট রুলসসহ অন্যান্য প্রশিক্ষণের প্রশংসা করেন। বিভিন্ন প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থীদের নোমিনেশন চেয়ে এনএপিডি পত্র প্রদান করে থাকে। এক্ষেত্রে প্রতিষ্ঠানসমূহে পত্র প্রেরণের জন্য সঠিক ঠিকানা ও প্রতিষ্ঠান প্রধানদের পদবি সঠিভাবে উল্লেখ করার বিষয়ে আলোকপাত করেন। তা না হলে সঠিক জায়গায় পত্র পৌঁছায় না মর্মে তিনি সভাকে অবহিত করেন। তিনি আরও যোগ করেন, সিটিজেন চার্টারে লিংকসহ ০২ (দুই) মাস মেয়াদি বিশেষ বুনিয়াদি কোর্সের তথ্য পৃথকভাবে সন্নিবেশিত হলে তা অংশীজনদের উপকারে আসবে।

২.৫। এনএপিডির গবেষণা কার্যক্রমে অংশীজনদের অংশগ্রহণের সুযোগ করে দেয়া এবং এ বিষয়ে তাদেরকে অবহিত করা যেতে পারে মর্মে সভায় পাসপোর্ট অধিদপ্তর থেকে আগত কর্মকতা আলোচনা করেন। এছাড়াও গবেষণার ফলাফল Disseminate করার জন্য স্টেকহোল্ডার সমন্বয়ে কর্মশালা আয়োজন করার বিষয়ে তিনি মত প্রকাশ করেন।

২.৬। বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানের উচ্চপদস্থ কর্মকর্তাদের জন্য পিপিআর, ই-জিপি ইত্যাদি বিষয়ে এনএপিডি সান্ধ্যকালীন বা অনলাইনে প্রশিক্ষণের আয়োজন করতে পারে মর্মে বাংলাদেশ কোস্ট গার্ড থেকে আগত কর্মকর্তা মতামত ব্যক্ত করেন। ফলে ঢাকার বাইরে কর্মরত কর্মকর্তাগণ উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের মাধ্যমে উপকৃত হবেন বলে তিনি উল্লেখ করেন।

২.৭। বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর) থেকে আগত অংশীজন কর্মকর্তা এনএপিডি কর্তৃক আয়োজিত বুনিয়াদি প্রশিক্ষণে সংশ্লিষ্ট বিষয় যেমন বিজ্ঞান গবেষণা, পলিসি ইত্যাদি বিষয়ে একটি আলাদা মডিউল অন্তর্ভুক্তকরণের জন্য মতামত প্রদান করেন। যা উক্ত প্রতিষ্ঠান থেকে আগত নবীন কর্মকর্তাদের জ্ঞানার্জনে ভূমিকা রাখবে বলে তিনি আশা প্রকাশ করেন।

২.৮। জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে আগত অতিথি কর্মকর্তা শুদ্ধাচারের সাথে ইনোভেশনকে সম্পৃক্ত করা এবং Design Thinking Process এর সমন্বয় সাধন করার বিষয়ে আলোচনা করেন। একাডেমির ডিপ্লোমা কোর্সে Industrial Attachment অন্তর্ভুক্ত করে তাত্ত্বিক বিষয়ের সাথে মাঠ পরিদর্শন/ব্যবহারিক সেশন বাড়ানোর বিষয়ে তিনি আলোকপাত করেন।

২.৯। একাডেমির প্রশিক্ষণ কোর্সে iBAS++ বিষয়ক সেশন পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর থেকে অভিজ্ঞ প্রশিক্ষককে আমন্ত্রণ জানানো যেতে পারে মর্মে ভোক্তা অধিকার থেকে আগত কর্মকর্তা সভায় আলোচনা করেন।

**৩। সিদ্ধান্ত:**

৩.১। ই-জিপি নিয়ে এনএপিডিতে বিভিন্ন কোর্সে সেশন পরিচালিত হচ্ছে। তবে ট্রেনিং সার্ভারে সরাসরি কাজ করার অনুমতি না থাকায় এ বিষয়ে কোনো প্রশিক্ষণ কোর্স চালু করা যাচ্ছে না। ভবিষ্যতে ই-জিপি বিষয়ক প্রশিক্ষণ কোর্স চালুর জন্য CPTU এর সাথে যোগাযোগ করতে হবে।

৩.২। শুদ্ধাচার বিষয়ক কর্মপরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত ও নির্দেশিত হয়। তাই কেবিনেট এর সাথে আলোচনা সাপেক্ষে শুদ্ধাচার বিষয়ক কেস স্টাডি তৈরী করা যেতে পারে। একাডেমির বিভিন্ন প্রশিক্ষণ কোর্সে শুদ্ধাচার বিষয়ক সেশন পরিচালনা অব্যাহত রাখতে হবে।

৩.৩। এনএপিডির বিভিন্ন প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী প্রেরণের জন্য মনোনয়ন আহবান করে প্রতিষ্ঠানসমূহে পত্র প্রেরণের জন্য সঠিক ঠিকানা ও প্রতিষ্ঠান প্রধানদের পদবি যথাযথভাবে পুনরায় পরীক্ষা করতে হবে।

৩.৪। এনএপিডির গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশ করা হয়। তবে অংশীজনদের একাডেমির গবেষণা কাজে সম্পৃক্ত করার জন্য তাদের নিকট উক্ত বিজ্ঞাপন প্রেরণ করতে হবে এবং গবেষণার ফলাফল Disseminate করার জন্য স্টেকহোল্ডার সমন্বয়ে কর্মশালা আয়োজন করতে হবে। এছাড়াও বুনিয়াদি প্রশিক্ষণে প্রযোজ্য ক্ষেত্রে বিজ্ঞান গবেষণা, পলিসি ইত্যাদি বিষয়ে সেশন অন্তর্ভুক্ত করতে হবে।

৩.৫। একাডেমির প্রশিক্ষণ কোর্সে iBAS++ বিষয়ক সেশন পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর থেকে অভিজ্ঞ

প্রশিক্ষক দ্বারা সেশন পরিচালনা করতে হবে।

৩.৬। একাডেমির সিটিজেন চার্টার-এ প্রশিক্ষণ কোর্স সম্পর্কিত তথ্য প্রয়োজনীয় লিংকসহ অন্তর্ভুক্ত করতে হবে।

৩.৭। একাডেমির ডিপ্লোমা কোর্সে Industrial Attachment অন্তর্ভুক্ত করে তাত্ত্বিক বিষয়ের সাথে মাঠ পরিদর্শন/ব্যবহারিক সেশন বাড়ানোর বিষয়ে পদক্ষেপ নিতে হবে।

৪। সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে সভায় উপস্থিত থাকার জন্য আন্তরিকভাবে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সুকেশ কুমার সরকার
মহাপরিচালক (সরকারের সচিব)
এনএপিডি

স্মারক নং- ০৫.৮৮.০০০০.০০৫.০৫.০০৯.২৩-৬৫৩ তারিখ: ২৭/০৯/২০২৩

**জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. জনাব কে এম আলী রেজা, অতিরিক্ত মহাপরিচালক (অতিরিক্ত সচিব), এনএপিডি।
২. জনাব ড. মোঃ নুরুজ্জামান, পরিচালক (গবেষণা ও প্রকাশনা), এনএপিডি।
৩. প্রকৌঃ মোঃ আবদুর রশিদ, পরিচালক (প্রশাঃ ও অর্থ), এনএপিডি।
৪. জনাব মোহাম্মদ হাসান তারিক, পরিচালক (প্রশিক্ষণ), এনএপিডি।
৫. জনাব মোঃ আব্দুল মোতালেব সরকার, প্রধান প্রশিক্ষক-১ (যুগ্ম সচিব), এনএপিডি।
৬. জনাব কাজী মোহাম্মদ সালাতুজ্জামান (সিস্টেম এনালিস্ট), এনএপিডি।
৭. জনাব মোঃ মঈনুল হাসান চৌধুরী (উপপরিচালক-প্রশাসন), এনএপিডি।
৮. জনাব তৌহিদুর রহমান চৌধুরী, উপ-পরিচালক (গবেষণা ও প্রকাশনা), এনএপিডি।
৯. জনাব মোঃ রমজান আলী (প্রশিক্ষক-৩), এনএপিডি।
১০. জনাব মোহাম্মদ জিয়াউর রহমান, সহকারী পরিচালক, এনএপিডি।
১১. জনাব দীপায়ন চক্রবর্তী (গবেষণা কর্মকর্তা-১), এনএপিডি।
১২. উপস্থিত সকল অংশীজন।
১৩. পরিচালক (গবেষণা ও প্রকাশনা/প্রশাসন ও অর্থ/প্রশিক্ষণ) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এনএপিডি।
১৪. অফিস কপি।

দীপায়ন চক্রবর্তী
গবেষণা কর্মকর্তা-০১,
জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)